

Attention all

এতদ্বারা ক্লাস V-xii এর সকল অভিভাবক ও ছাত্রীদের জানানো হচ্ছে যে:-

✦ নির্দিষ্ট সময়ে বিদ্যালয়ে ছাত্রীদের প্রবেশ আবশ্যিক। ১০.৫০ এ, বড় গেট বন্ধ হয়ে গেলে, কোনো অবস্থাতেই ছোট গেট দিয়ে বিদ্যালয়ে প্রবেশ এর অনুমতি দেওয়া হবে না।

✦ বিদ্যালয়ে নিয়মিত না আসলে, কোনো অবস্থাতেই পরীক্ষায় বসার অনুমতি দেওয়া হবে না।

✦ কোনো কারণে ছাত্রী একদিন অনুপস্থিত হলে, পরের দিন শ্রেণী শিক্ষিকার কাছে অভিভাবকের চিঠি দেওয়া বাধ্যতামূলক।

✦ দীর্ঘ ছুটি নেওয়ার প্রয়োজন পড়লে, অভিভাবক কে প্রধান শিক্ষিকার কাছে আবেদন করতে হবে, সুনির্দিষ্ট কারণ জানিয়ে।

✦ বিদ্যালয়ে ইউনিফর্ম না পরে আসলে, ছাত্রীকে বাড়ি পাঠিয়ে দেওয়া হবে। ফ্যান্সি ক্লিপ, ব্যান্ড, ফিতে, টিপ, স্মার্ট ওয়াচ, কোনো রকম অলঙ্কার পরে বিদ্যালয়ে আসা নিষিদ্ধ। স্কুল ব্যাগ এ casual dress ,magazines, cosmetics, ইত্যাদি পেলে সেগুলো জমা রেখে দেওয়া হবে ও ছাত্রীকে সাসপেন্ড করা হবে।

✦ কোনো অবস্থায় স্কুল ইউনিফর্ম এর অবমাননা হলে সেই ছাত্রী বা ছাত্রীদের বিদ্যালয় কর্তৃপক্ষ কঠোরতম শাস্তি দিতে বাধ্য হবে।

✦ বিদ্যালয়ে মোবাইল ফোন আনা নিষিদ্ধ। কোনো ছাত্রীর কাছে মোবাইল ফোন ধরা পড়লে, সেই ফোন বাজেয়াপ্ত করা হবে, ও অভিভাবক কে বিদ্যালয়ে ডেকে পাঠানো হবে।

✦ কোনো ছাত্রী অন্যের টাকা চুরি করলে, বিদ্যালয়ের সম্পত্তির ক্ষতি সাধন করলে, অমার্জিত ভাষা ব্যবহার করলে, তাকে কঠোর শাস্তি ভোগ করতে হবে।

✦ কোনো ছাত্রীর দ্বারা যদি কোনো ভাবে, বিদ্যালয়ের মানহানি হয়, সেই ছাত্রীকে বিদ্যালয় কর্তৃপক্ষ TC দিয়ে দিতে বাধ্য হবে।

✦ কোনো ছাত্রী প্রার্থনা সভায় উপস্থিত না থেকে, যদি ক্লাসরুমে এ থাকে, তাকে সেদিন সারাদিন ক্লাস করতে দেওয়া হবে না, ও অভিভাবক কে ডেকে, বাড়ি পাঠিয়ে দেওয়া হবে।

✦ ক্লাস V, VI এর ছুটির পর তাদের ফাঁকা ক্লাসরুমে অন্য কোন ক্লাসের ছাত্রীরা (VII থেকে XII) শিক্ষিকাদের অনুমতি ছাড়া কোন অবস্থাতেই প্রবেশ করবে না। এর অন্যথা ঘটলে দৃষ্টান্তমূলক ব্যবস্থা নেওয়া হবে। অযথা কেউ বিদ্যালয় চলাকালীন জলের ঘরে, অন্যের ক্লাসরুমে, বা corridor- এ ঘুরে বেড়াবে না।

✦ বিদ্যালয়ের গেটের বাইরে ছাত্রীরা কোনো অনৈতিক কাজের সাথে লিপ্ত হলে, তার দায় বিদ্যালয় কর্তৃপক্ষের নয়।

সকলকে অনুরোধ করা হচ্ছে বিদ্যালয়ের শালীনতা বোঝায় রাখতে।

স্কুল কর্তৃপক্ষ

বারাসাত গার্লস হাই স্কুল (HS)

4/8/22